

Government of the People's Republic of Bangladesh
Directorate General of Drug Administration
Aushadh Vaban
Mohakhali, Dhaka-1212, Bangladesh

২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর'২৩) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে এ
অধিদপ্তরের নৈতিকতা কমিটির আলোচনা সভার কার্যবিবরণী :

Meeting Minutes	Chairperson	মেজর জেনারেল মোহাম্মদ ইউসুফ, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর।
	Date	জুলাই ৩০, ২০২৩
	Time	সকাল ১১.০০ ঘটিকা
	Venue	ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর সম্মেলন কক্ষ
	Minutes Taken By	মোঃ বাশারাহ হোসেন, ঔষধ পরিদর্শক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
	Minutes Reviewed By	শায়লা নওশাদ, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

Attendees	Enclosed (as per Form- NRA-NRS-004/F02-01)
------------------	---

Agenda	No.	Meeting Topics
		১। ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা।
		২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর'২৩) পরীক্ষণ কাঠামোতে উল্লেখিত বিষয়াদি নিয়ে আলোচনা।

Discussions: main discussions in Short form (if required)

ঔষধ প্রশাসন অধিদপ্তর এর মহাপরিচালক ও নৈতিকতা কমিটির সভাপতি মেজর জেনারেল ইউসুফ মহোদয় সভায় সভাপতিত্ব করেন। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা শুদ্ধাচার কর্ম কৌশল পরিকল্পনার মূল লক্ষ্য। এ পর্যায়ে তিনি ঔষধ প্রশাসন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের সূচক সমূহ উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে আহ্বান করেন।

ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর পরিচালক (চঃ দাঃ) ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি জনাব মোঃ ইয়াহুইয়া ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সূচক সমূহ উপস্থাপন করেন।

তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের মূল্যায়ন প্রতিবেদন এর মধ্যে ১.১ নং অনুচ্ছেদ অনুযায়ী নৈতিকতা কমিটির একটি সভা আজ অনুষ্ঠিত হচ্ছে বলে সবাইকে অবগত করেন। তিনি বলেন, দেশে ডেঙ্গুর প্রকোপ বেড়েই চলেছে। এজন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর আশেপাশের স্থান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার এবং কোথাও যেন পানি জমতে না পারে সেজন্য তিনি ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর প্রশাসন শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান এবং সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করে নিয়মিতভাবে মশক নিধনে কীটনাশক স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরও অনুরোধ জানান।

ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর পরিচালক জনাব মোঃ আসরাফ হোসেন এ অধিদপ্তর-এর প্রদানকৃত সেবা বিষয়ক সিটিজেন চার্টার নিয়ে সভাকে অবহিত করেন। এ বিষয়ে তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক আলোকপাত করেন এবং সচিবালয়ের নির্দেশনা ২০১৪ মোতাবেক সিটিজেন চার্টার হালানাগাদ করতঃ ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভাকে অবহিত করেন। পরিশেষে তিনি এ বিষয়ে উপস্থিত সদস্যগণ-এর নিকট হতে মতামত ও পরামর্শ আহ্বান করেন।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ আব্দুল মালেক ৩.১ নং অনুচ্ছেদ অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে অফিসের কাছে ব্যবহৃত সকল গাড়ীর (মাইক্রোবাস) এর জন্য লগ বই সংরক্ষণের ব্যবস্থা করা এবং সেই লক্ষ্যে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হবে বলে সভাকে অবহিত করেন। এছাড়াও নিয়মিতভাবে গাড়িসমূহের লগবই পরীক্ষণকরতঃ প্রশাসন শাখায় অবহিত করার বিষয়েও তিনি আলোকপাত করেন।

* t

